

মডিউল - ৮

বিষয়: বাংলা ভাষার জন্ম ও ইতিহাস ।

মিলন মণ্ডল

সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ

এস.আর.ফতেপুরিয়া কলেজ, বেলডাঙ্গা।

বিন্যাস ক্রম:- (১) ভূমিকা

(২) প্রাচীন বাংলা

(৩) মধ্য বাংলা

(৪) আধুনিক বাংলা

(৫) সহায়ক গ্রন্থাবলী

(৬) সম্ভাব্য প্রশ্নাবলী

ভূমিকা:- পৃথিবীর সমস্ত ভাষাবংশের মধ্যের অন্যতম হল ইন্দো- ইউরোপীয় ভাষাবংশ । সাংস্কৃতিক সমৃদ্ধিতে এই ভাষাবংশের প্রাচীন ও আধুনিক ভাষাগুলি পৃথিবীতে প্রাধান্য লাভ করেছে । বৈদিক সংহিতার সূক্তগুলি , ব্যাস- বাল্মীকির রামায়ন- মহাভারত, কালিদাসের কাব্য-নাটকাদি ,হোমারের ইলিয়াদ- অদিসি ইত্যাদি ইন্দো-ইউরোপীয় বংশের প্রাচীন সাহিত্যকীর্তি। তা ছাড়া আধুনিক ভাষাগুলির মধ্যে ইংরেজি ,জার্মান ,ফরাসী , ইতালীয় তো আছেই । বাংলা ভাষার গর্ব এই যে, এই ভাষা ইন্দো-ইউরোপীয় ভাষাবংশেরই একটি ভাষা ।

ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ থেকে বাংলা ভাষা কয়েকটি স্তরের মধ্যে দিয়ে ক্রমবিবর্তনের ধারায় রূপান্তরিত হয়েছে। জানা গেছে, মূল আর্য ভাষাভাষী মানুষ আনুমানিক খ্রিঃ পূঃ ২৫০০ অব্দে রাশিয়ার উরাল পর্বতের পাদদেশ থেকে পৃথিবীর বিভিন্ন প্রান্তে ছড়িয়ে পড়ে। ফলে ইন্দো- ইউরোপীয় বা মূল আর্য ভাষা থেকে পৃথিবীর বিভিন্ন প্রান্তে দশটি ভাষাবংশের সৃষ্টি হয়। দশটি শাখার অন্যতম একটি হল ইন্দো-ইরানীয়। তা থেকে সৃষ্টি হয়েছে ইরানীয় আর্য, দরদীয় ও ভারতীয় আর্য ভাষা । প্রাচীন ভারতীয় আর্যের দুটি রূপ প্রচলিত ছিল - কথ্যরূপ ও সাহিত্যিক রূপ। বেদ লেখা হয়েছিল সাহিত্যিক ভাষায়। আর কথ্য রূপের ছিল চারটি আঞ্চলিক উপভাষা । প্রাচ্য, উদীচ্য, মধ্যদেশীয় ও দাক্ষিণাত্য । এই কথ্য উপভাষাগুলি লোকমুখে স্বাভাবিক পরিবর্তনের মাধ্যমেই সূচনা ঘটল মধ্য ভারতীয় আর্যভাষার। প্রাচ্য থেকে প্রাচ্য প্রাকৃত ও প্রাচ্য-মধ্য প্রাকৃতের জন্ম হল। তারপর প্রাকৃত ভাষা বিবর্তনের দ্বিতীয় স্তরে প্রাচ্য থেকে মাগধী সাহিত্যিক প্রাকৃতের জন্ম হয়। প্রাকৃতের বিবর্তনের তৃতীয় স্তরে সাহিত্যিক প্রাকৃতের কথ্যরূপ থেকে জন্ম হল অপভ্রংশের এবং অপভ্রংশের শেষ স্তরে পাওয়া গেল অবহট্ট। এরপরে ভারতীয় আর্য ভাষা তৃতীয় যুগে (আঃ ৯০০ খ্রী) পদার্পণ করে। মাগধী অপভ্রংশ- অবহট্ট থেকে পাওয়া গেল দুটি শাখা পশ্চিমা ও পূর্বা । তারপর পূর্বা শাখা থেকে জন্ম হল ‘বঙ্গ-অসমিয়া’ ও ‘ওড়িয়া’ ভাষার । অবশেষে বঙ্গ-অসমিয়া থেকেই সৃষ্টি হল বাংলা ভাষা । মাগধী অপভ্রংশ- অবহট্ট থেকেই আনুমানিক ৯৫০ খ্রিস্টাব্দে বাংলা ভাষার জন্ম।

জন্মকাল থেকে অদ্যাবধি বাংলাভাষার বিকাশকে তিনটি পর্বে ভাগ করা হয়েছে । ভাগ গুলি নিম্নরূপঃ-----

(ক) প্রাচীন বাংলা ভাষা

(খ) মধ্য বাংলা ভাষা।

(গ) আধুনিক বাংলা ভাষা।

সম্ভাব্য প্রশ্নঃ- (১) বাংলা ভাষার জন্ম ইতিহাস আলোচনা করো।

(২) বাংলা ভাষার উৎপত্তি কীভাবে হয়েছে তা রেখা চিত্র-র মাধ্যমে দেখাও।

সহায়ক গ্রন্থঃ- (১) ভাষার ইতিবৃত্ত - সুকুমার সেন।

(২) ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ-সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

(৩) সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা -ডঃ বামেশ্বর শা।

(৪) বাংলা ভাষা পরিক্রমা (১ম ও ২য় খণ্ড) -পরেশচন্দ্র মজুমদার।

(৫) বাংলা ভাষা (১ম ও ২য় খণ্ড) - সুখেন বিশ্বাস ।
